# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ
Phone: 9550403 email:dgmlad1@krishibank.org.bd


সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/১১৫৭(১২০০) তারিখঃ ০৯/১১/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ কোভিড-১৯ সংক্রমণ থেকে অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য ঘোষিত প্রণোদনা প্যাকেজের ঋণ প্রদান কার্যক্রম দ্রুত বাস্তবায়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারনে ঘোষিত প্রণোদনা প্যাকেজ সমূহ এবং বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগের সূত্র নং-এসিডি (পলি)/৩৬/২০২০-৫৩৬৫ তারিখঃ ২১/১০/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। প্রণোদনা প্যাকেজ সমূহ এ বর্ণিত নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার কৃষি পুনঃঅর্থায়ন স্কীম (অর্থাৎ "কৃষি খাতে বিশেষ প্রণোদনামূলক পুনঃঅর্থায়ন স্কীম") এর আওতায় ৩১/১২/২০২০ তারিখের মধ্যে অনুসৃত নিয়মাবলী অনুসরণপূর্বক ঋণ বিতরণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার যাবতীয় নির্দেশনা রয়েছে। এসিডি সার্কুলার নং-০১ এর আওতায় ঋণ বিতরণ কার্যক্রম দ্রুততর করার লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো ঃ

(ক) ব্যাংকের প্রতিটি শাখার ভিতরে ও বাইরে সকলের দৃষ্টিগোচর হয় এরূপস্থানে 'পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় এই শাখা হতে ৪% সুদ হারে কৃষি ঋণ বিতরণ করা হয়' এরূপ ব্যানার টাঙ্গানো ;

(খ) ব্যাংকের প্রধান কার্যালয়ের টিম এবং আঞ্চলিক অফিস/এরিয়া অফিস/জোনাল অফিসের মাধ্যমে প্রণোদনা খাতের কৃষি ঋণ বিতরণে তদারকি জোরদার করা এবং শাখা ব্যবস্থাপকদের মটিভেট করা ;

(গ) স্থানীয় পর্যায়ে ব্যাংকের প্রতিটি শাখা কর্তৃক কৃষক সমাবেশের আয়োজন করে পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ বিতরণের বিষয়ে কৃষক/গ্রাহকদেরকে অবহিত করা ;

(ঘ) সাপ্তাহিক হাটের দিনে মাইকিং করে বা প্রচারপত্র বিলি করে সাধারণ মানুষকে প্রণোদনা সুবিধা আওতায় কৃষি ঋণ বিতরণের বিষয়টি অবহিত করা ;

(ঙ) প্রণোদনা সুবিধার আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ কার্যক্রম সহজতর করার লক্ষ্যে প্রতিটি শাখায় হেল্প ডেস্ক স্থাপন করা।

০৩। এমতাবস্থায়, এসিডি সার্কুলার নং- ০১ তারিখ ১৩/০৪/২০২০, অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং- ১১১৯ তারিখ ২৭/০৪/২০২০, সার্কুলার লেটার নং- ১১৩৫ তারিখ ১০/০৫/২০২০, সার্কুলার লেটার নং- ১২৩৯ তারিখ ০৭/০৬/২০২০ , সার্কুলার লেটার নং- ৬৫৫ তারিখ ১৩/০৯/২০২০, সার্কুলার লেটার নং- ১০১৯ তারিখ ২২/১০/২০২০ ও সার্কুলার লেটার নং- ১০৬৭ তারিখ ২৭/১০/২০২০ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা সময় ভিত্তিক শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। ঋণ বিতরণের তথ্যাবলী দৈনিক ভিত্তিতে সঠিকভাবে Web Loan Portal এ এন্ট্রি নিশ্চিত করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত ঋন বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৯/১১/২০২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

চলমান পাতা-০২

**বিষয়ঃ কোভিড-১৯ সংক্রমণ থেকে অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য ঘোষিত প্রণোদনা প্যাকেজের ঋণ প্রদান কার্যক্রম দ্রুত বাস্তবায়ন প্রসঙ্গে।**

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/১১৫৭(১২০০) তারিখঃ ০৯/১১/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটের উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

09/11/2020

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ক্রেডিট বিভাগ-১
এজিএম ঃ
এস পি ও ঃ
পিও ঃ
.................উপ-মহাব্যবস্থাপক
কৃষি ঋণ বিভাগ
(পলিসি শাখা)

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়
নং ৯৮৭০ 20.10.2020
ডিএমডি
জিএম
ডিজিএম
ব্যবস্থাপনা পরিচালক

সূত্র নং- এসিডি (পলি)/৩৬/২০২০- ৫৬৬৫ তারিখঃ ২১/১০/২০২০

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,
৮৩-৮৫,মতিঝিল বা/এ
ঢাকা ।

**কোভিড-১৯ সংক্রমণ থেকে অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য ঘোষিত প্রণোদনা প্যাকেজের ঋণ প্রদান কার্যক্রম দ্রুত বাস্তবায়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগ কর্তৃক জারিকৃত ১৩/০৪/২০২০ তারিখের এসিডি সার্কুলার নং-০১ এবং ২০/০৯/২০২০ তারিখের এসিডি সার্কুলার লেটার-০২ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে গঠিত ৫,০০০.০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ বিতরণ কার্যক্রম দ্রুততর করার লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) ব্যাংকগুলোর শাখাসমূহের ভিতরে ও বাইরে সকলের দৃষ্টিগোচর হয় এরূপস্থানে 'পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় এই শাখা হতে ৪% সুদ হারে কৃষি ঋণ বিতরণ করা হয়'- এরূপ ব্যানার টাঙ্গানো;
খ) সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ে ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে একটি বিশেষ টিম গঠন করা এবং উক্ত টিমকে সার্বক্ষণিকভাবে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণের বিষয়ে মাঠ পর্যায়ে তদারকি কার্যক্রমে নিয়োজিত রাখা;
গ) ব্যাংকের প্রধান কার্যালয়ের টিম এবং আঞ্চলিক অফিস/এরিয়া অফিস/জোনাল অফিসের মাধ্যমে প্রণোদনা খাতের কৃষি ঋণ বিতরণে তদারকি জোরদার করা এবং শাখা ব্যবস্থাপকদের মটিভেট করা;
ঘ) স্থানীয় পর্যায়ে ব্যাংকের সংশ্লিষ্ট শাখা কর্তৃক কৃষক সমাবেশের আয়োজন করে পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ বিতরণের বিষয়ে কৃষক/গ্রাহকদেরকে অবহিত করা;
ঙ) সাপ্তাহিক হাটের দিনে মাইকিং করে বা প্রচারপত্র বিলি করে সাধারণ মানুষকে প্রণোদনা সুবিধার আওতায় কৃষিঋণ বিতরণের বিষয়টি অবহিত করা;
চ) প্রণোদনা সুবিধার আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ কার্যক্রম সহজতর করার লক্ষ্যে প্রতিটি শাখায় হেল্প ডেস্ক স্থাপন করা।

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং.......... তারিখ ২১/১০/২০
বিভাগ........
ডিএমডি-১

আপনাদের বিশ্বস্ত,

(শেখ হুমায়ুন কবীর)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৬১২

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং- ৬৮৬ তারিখ ২১/১০/২০
উমব্য,এইচআরএমডি- /ক্রেডিট/বাণিজ্য/প্রকিউরমেন্ট/বিসিবিডি/আদায়
মহাব্যবস্থাপক